গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৯

তারিখ: ১২ পৌষ ১৪২৮
২৭ ডিসেম্বর ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

দেশের সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ২৭ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। ২৭ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপ্টিক অবস্থাঃ উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকায় মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): দেশের উত্তরাঞ্চলে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৬.৫ | ২৬.০ | <u>২৭.৭</u> | ২৬.৮ | ২৬.৫ | ২৬.০ | ২৬.৫ | ২৭.৪ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১২.৫ | ১২.০ | ১২.০ | ১০.২ | ১০.৮ | <u>৮.৪</u> | ১৩.২ | ১৩.২ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ২৭.৭$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ৮.৪$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৪। অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৫ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ

রাত ১২.০০ টা থেকে ২৬ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৪ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৮ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | **মোট** | **৩৩** | **০** | **০** |

**<u>লঞ্চ দুর্ঘটনা (অগ্নিকান্ড):</u>**

জেলা প্রশাসন, বরগুনা থেকে প্রাপ্ত তথ্য অনুসারে গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখ সন্ধ্যা ০৬.০০টায় ঢাকা-বরগুনা রুটের তিন তলা বিশিষ্ট লঞ্চ মেসার্স এমভি অভিযান-১০ সদর ঘাট, ঢাকা থেকে যাত্রী নিয়ে বরগুনার উদ্দেশ্যে যাওয়ার পথে ঝালকাঠি সদর উপজেলার সুগন্ধা নদীর তীরবর্তী পোনাবালিয়া ই উনিয়নের দিয়াকুল এলাকায় পৌঁছালে লঞ্চটিতে আগুন ধরে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে জেলা প্রশাসক, ঝালকাঠিসহ ফায়ার সার্ভি স ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য উপস্থিত হয়। ফায়ার সার্ভিসের ৪টি দল প্রায় ৫ ঘন্টার চেষ্টায় আগুন নিযন্ত্রণে আনে এবং ঘটনাস্ থল থেকে আহতদের উদ্ধার করে ঝালকাঠি সদর হাসপাতাল ও শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশালে প্রেরণ করা হয়।

বর্ণিত লঞ্চ দুর্ঘটনায় (অগ্নিকান্ড) এ পর্যন্ত ৪১ জনের মৃত্যু হয়েছে যার মধ্যে ১৮ জনের লাশ সনাক্তকরণ শেষে স্বজনদের নিকট হস্তা ন্তর করা হয়েছে। অবশিষ্ট অসনাক্তকৃত/অজ্ঞাত ২৩ জনের মরদেহ বরগুনা সদর উপজেলার পোটকাখালী গণকবরে দাফন করা হয়ে ছে।

ঝালকাঠি সদর হাসপাতাল ও বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ অন্যান্য হাসপাতালে আনুমানিক ১৫০ জন চিকিৎসা নিয়েছে এবং চিকিৎসাধীন রয়েছে। লঞ্চ দুর্ঘটনায় (অগ্নিকান্ডে) এখনও ৩১ জন ব্যক্তি নিখোঁজ রয়েছে মর্মে জানানো হয়েছ ে।

সনাক্তকৃত মৃতদের পরিবারকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে জেলা প্রশাসন, বরগুনা কর্তৃক ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা করে প্রদান করা হয়েছে।

**৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:**

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০৯/১২/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ৯৪১২৮৯০০০/- (চুরানব্বই কোটি বার লক্ষ উননব্বই হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১১০৫২৬২১৫১১/- (এক হাজার এক শত পাঁচ কোটি ছাব্বিশ লক্ষ একুশ হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৬৯,১১৮.৫১ (এক লক্ষ উনসত্তর হাজার একশত আঠার দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৬১৩,৬৬০.৫১ (ছয় লক্ষ তের হাজার ছয়শত ষাট দশমিক পাঁচ এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট |
| ৫ | ঢেউটিন | ২,২১২ বান্ডিল | ৩১,৮০০বান্ডিল | ৩৪,০১২ বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৬৬,৩৬,০০০/- টাকা | ৯,৫৪,০০,০০০/- টাকা | ১০,২০,৩৬,০০০/- টাকা |
| ৭ | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ৭০০ কার্টুন | - | ৭০০ কার্টুন |

**৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২৫/১২/২০২১ তারিখ পর্যন্ত):**

| **ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা** | **সকল জেলা (পৌরসভাসহ)** | **সকল সিটি করপোরেশন** | **সর্বমোট** |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৩,৩০,৫১৪ টি | ১২,৩০৪ টি | **৩,৪২,৮১৮ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ১৬,৩৯,০৪৫ জন | ৫৯,৮৯৭ জন | **১৬,৯৮,৯৪২ জন** |

**৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

২৮-১২-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৯/১(৮)

তারিখ: ১২ পৌষ ১৪২৮
২৭ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৮-১২-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা